রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ১২, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পানি সম্পদ মন্ত্রণালয়**
**উন্নয়ন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ/২৮ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

**নং ৪২.০০.০০০০.০০০.০৩৪.৯৯.০০০৩.২৩-০৬**—বর্তমান সরকারের নির্বাচনী অঙ্গীকার "দেশব্যাপী নদী-নালা-খাল, জলাধার খনন ও পুনঃখনন" কর্মসূচিসহ পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক মাঠ পর্যায়ে বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প/কার্যক্রম যথাযথভাবে সমন্বয় ও সহায়তা প্রদান করার জন্য নিম্নরূপভাবে জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি পুনর্গঠন করা হলো:

**(ক) কমিটির গঠন:**

| ক্র: নং | কর্মকর্তার পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/সংসদ সদস্য | উপদেষ্টা |
| ২। | জেলা প্রশাসক | সভাপতি |
| ৩। | পুলিশ সুপার | সদস্য |
| ৪। | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর | সদস্য |
| ৫। | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ৬। | জেলা মৎস কর্মকর্তা | সদস্য |
| ৭। | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |



**মূল্য :** টাকা ৪·০০

| | | |
|---|---|---|
| ৮। | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ৯। | নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) | সদস্য |
| ১০। | উপপরিচালক/সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর | সদস্য |
| ১১। | বন বিভাগের প্রতিনিধি (সহকারী বন সংরক্ষক-এর নিম্নে নয়) | সদস্য |
| ১২। | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা | সদস্য |
| ১৩। | সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ | সদস্য |
| ১৪। | নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সদস্য-সচিব |

**(খ) কমিটির কার্যপরিধিঃ**

০১. সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী খাল খনন কর্মসূচি বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ, খননযোগ্য খালের অগ্রাধিকার তালিকা প্রণয়ন, বাস্তবায়নকারী সংস্থা নির্ধারণ, দ্বৈততা পরিহারে যথাযথ পদক্ষেপ গ্রহণ ও সমন্বয়সাধন;

০২. ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা নীতিমালা, ২০২৫ অনুযায়ী ড্রেজিংকৃত ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা;

০৩. নদী-নালা-খাল, জলাধার খনন কর্মসূচি পরিবীক্ষণ ও বাস্তবায়নে উদ্ভূত সমস্যা সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

০৪. জরুরি ও আপদকালীন কার্যক্রমসমূহের তদারকি ও সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিতকরণ;

০৫. নদী ভাঙ্গন সংক্রান্ত তথ্য সংরক্ষণ ও জরুরিভিত্তিতে সংশ্লিষ্ট কর্তপক্ষকে অবহিতকরণ;

০৬. নদী ভাঙ্গন ও বন্যা পরিস্থিতিসহ অন্যান্য জরুরি পরিস্থিতিতে তাৎক্ষণিক সতর্কীকরণ ও উদ্ধার এবং ত্রাণ কার্যক্রম তদারকি ও সমন্বয়সাধন;

০৭. খাল, জলাশয় ও নদীদূষণ প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

০৮. প্রকল্পের জন্য ভূমি অধিগ্রহণ জটিলতা নিরসনে কার্যক্রম গ্রহণ;

০৯. জলাধারের উপরে নির্মিত অবকাঠামো যথা- ব্রীজ, কালভার্ট, স্লুইস, বাঁধ ইত্যাদির বর্তমান অবস্থা এবং নৌ-চলাচলসহ প্রায়োগিক সুবিধা/অসুবিধার সুনির্দিষ্ট বিবরণ এবং মতামতসহ তালিকা প্রণয়ন ও বাস্তবায়নকারী সংস্থার নিকট প্রেরণ; এবং

১০. প্রয়োজনে কমিটিতে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করা যাবে।

০২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**যতন মার্মা**
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd